



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ নথি নং- নওগাঁ ১১৪/৬০৮

তারিখ: ১.১০.২০১৮ খ্রি:

বিষয়: সমর্থনীয় কাজপত্রসহ বোর্ডে উপস্থিত হয়ে মুখোমুখি শুনানিতে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন জামদই গতি উল্লাহ আলিম মাদ্রাসার অধ্যক্ষ দাবিদার জনাব ইলিয়াস অন লাইনে অভিযোগ উত্থাপন করেছেন যে, মাদ্রাসার সহকারী মৌলভী মো: আমিনুল হক ভূয়া ভারপ্রাপ্ত অধ্যক্ষ সেজে ৪,৮৯,২১৩/- টাকা সরকারি কোষাগার থেকে উত্তোলন করেছেন এবং ২০১৮ সালের দাখিল পরীক্ষার্থীদের ফরম পূরণ করে কাগজপত্রাদি বোর্ডে প্রেরণ করেছেন। তিনি উক্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের ইনডেক্স বাতিল করতঃ বেতন ভাতাদি বন্ধ করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেছেন। তাছাড়া ভারপ্রাপ্ত অধ্যক্ষের আবেদনে এডহক কমিটি অনুমোদন না দেওয়ার জন্য অনুরোধ করেছেন। অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি যাচাইতে দেখা যায়, এ বিষয়ে মামলা আছে, যেহেতু দাখিলকৃত অভিযোগ সমূহ জটিল এবং মাদ্রাসার সার্বিক পরিচালনায় সমস্যা সৃষ্টির সম্ভবনা রয়েছে। সেহেতু সৃষ্ট জটিলতা নিরসনকল্পে আগামী ১৪.১০.২০১৮ তারিখ রোজ রবিবার মুখোমুখি শুনানি গ্রহণের দিন ধার্য করা হলো।

বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে উভয়পক্ষকে আগামী ১৪.১০.২০১৮ তারিখে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে শুনানিতে অংশগ্রহণ ও স্ব-স্ব পক্ষের লিখিত বক্তব্যসহ সমর্থনের কাজপত্র দাখিল করার জন্য তাদেরকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

9.10.18

প্রফেসর মো: মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: এ.জি. এম ইলিয়াস, অধ্যক্ষ জামদই গতি উল্লাহ আলিম মাদ্রাসা
ভারপ্রাপ্ত অধ্যক্ষ, সহকারী মৌলভী মো: আমিনুল হক,
পো: বৈদ্যপুর, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ

নং-বামাশিবো/প্রশাসন/ নথি নং- নওগাঁ ১১৪/৬০৮

তারিখ: ১.১০.২০১৮ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, নওগাঁ।
২. উপজেলা নির্বাহী অফিসার, মান্দা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁ।
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মো: মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪